গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www.sarishabari.jamalpur.gov.bd

উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর জুন ২০২২ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম। তারিখ ঃ ০৯-০৬-২০২২খ্রিঃ,
সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নিবর্হী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা কৃষি বিভাগ	চলতি বোরো মৌসুমে ১৮৬২৫ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে । ৬৫% ধান কর্তন হয়েছে । খরিপ-১ মৌসুমে ৩৩৮০ হেঃ জমিতে পাট বপন হয়েছে । মাঠের সার্বিক কার্যক্রম সন্তোষজনক। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান।	উপজেলা চেয়ারম্যান বলেন, মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার।
০২	উপজেলা স্বাস্থ্য বিভাগ	ক. উপজেলা স্বাস্থ্য বিভাগ স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে ইতোমধ্যে মেডিসিন এবং অর্থোপেডিক্স বিষযক ২ জন বিশেষজ্ঞ চিকিৎসক জুনিয়র কনসালটেন্ট পদে যোগাদান করেছেন । হাসপাতালের চিকিৎসার সেবার মান উন্নয়নে এবং সুষ্ঠ পরিবেশ নিশ্চিত কল্পে হাসপাতালে নিয়মিত দালাল বিরোধী অভিযান অব্যাহত আছে ।মহামান্য হাইকোর্টের নির্দেশে সরকারী বিধিমত এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী লাইসেন্স বিহীন এবং অনিবন্ধিত বেসরকারি ডায়গনষ্টিক সেন্টার এবং হাসপাতালের বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়েছে । হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাদের সংরক্ষিত চিকিৎসা কেন্দ্রটি HGD এর সহায়তায় সম্পূর্নরুপে মেরামত ও উন্নয়নের কাজ চলছে । খ. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যান্তরে জাইকার (JICA) অর্থায়নে স্থানীয় সরকার বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্প ২১ শয্যা বিশিষ্ট আইসোলেশস সেন্টার নির্মান স্থানে ২/৩ টি গাছ জনস্বার্থে কর্তন করা প্রয়োজন । উক্ত গাছ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মসজিদে দানকরা জন্য প্রস্তাব করেন । কাজের প্রয়োজনে আরও ২/১ টি গাছ কর্তন করা প্রয়োজন হতে পারে ।	খ.উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আইসোলেশন নির্মান স্থানে গাছ কর্তন করে স্বাস্থ্য কমপ্লেক্স মসজিদে প্রদান করার জন্য প্রস্তাব সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় ।	ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। খ.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। ইউপি চেয়ারম্যান ও সকল সদস্য সংশ্লিষ্ট কমিটি।
০৩	উপজেলা প্রাণি সম্পদ অফিসার।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি পশু ও হাঁস-মুরগীর বিভিন্ন সংক্রামক রোগের টিকা প্রদান গবাদি প্রাণি = ৩০১৪৫ টি, হাঁস-মুরগীর ৩৪৬৫৭৫ টি, মাত্রা টিকা প্রদান করা হয়েছে এবং গবাদি প্রাণি = ৩৪৩১৪মাত্রা ও হাঁস-মুরগী = ৬০৩৪০০ মাত্রা চিকিৎসা প্রদান করা হয়েছে।প্রশিক্ষণ- ১৩৩৩ জন, কৃত্রিম প্রজনন-৭৮৪১ টি, বাচ্চা উৎপাদন- ২৮৬৩ টি, রাজস্ব আদায়- টিকা ১,৮৮৫৩০/-, কৃত্রিম প্রজনন- ২,৩৫২৩০/- বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	ক. বিভিন্ন ভাইরাস জনিত রোগের প্রার্দুভাব রোধে খামারীদের সতর্কতা মূলক উঠান বৈঠক ও লিফলেট বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।	ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার।
০৪	সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ	পয়লা নভেম্বর/২০২১ হতে ৩০ জুন/২০২২ পর্যন্ত জাটকা নিষিদ্ধ সময়কালে জাটকা অভিযান চলমান। অত্র উপজেলার পৌরসভা/বিভিন্ন ইউনিয়ন হতে অত্র দপ্তরে অফিসে আগত ২২ জন মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান । দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	ক.পয়লা নভেম্বর /২০২১ হতে ৩০ জুন /২০২২ পর্যন্ত জাটকা নিষিদ্ধ সময় কালের অংশ হিসেবে বাজার মনিটরিং এবং অভিযান /মোবাইল কোর্ট করা প্রয়োজন।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার।

	প্রকৌশলী বিভাগ	ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ১৭.০৪.২০২২ খ্রিঃ তারিখে সকাল ৭.০০ ঘটিকায় ভয়াবহ অগ্নিকান্ডে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ সম্পূর্ণ রুপে ভস্মীভূত হয় ও পার্শ্ববর্তীকক্ষ, ৪র্থতলায় উপজেলা প্রকৌশলীর অফিসকক্ষ সহ ভবনের ক্ষতিগ্রস্ত অংশ গ্রলো সংস্কার করা জরুরী প্রয়োজন । তিনি উক্ত প্রকল্পের প্রাক্কলন সভায় উপস্থাপন করেন । উক্ত প্রকল্প ব্যয় ২৪,২৮,৪৪৪/-(চব্বিশ লক্ষ আটাশ হাজার চারশত চৌয়াল্লিশ) টাকা প্রক্কলন করা হয়েছে । উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থদ্বারা প্রকল্প গ্রহণ ও অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে । খ. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে সরিষাবাড়ী উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের কাজ চলমান আসা করছি সুনির্দিষ্ট সময় এর মধ্যে কাজ সমাপ্ত হবে । উপজেলা চেয়ারম্যান প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে বলেন যে তাদের স্বস্ব ইউনিয়ন পরিষদের এরিয়ার ভিতরে একটি করে রাস্তার নাম দেওয়ার জন্য । যার আইডি নাম্বার আছে পরিমাপ সর্বনিম্ন ২/৪ কিলোমিটার হতে হবে ।	ক. বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ জরুরী সংস্কার করার জন্য উপজেলা পরিষদ সভায় অনুমোদিত হয় । উক্ত প্রাক্কলিত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অনুমোদন সাপেক্ষে ব্যয় করার জন্য সিদ্ধান্ত হয়। পক্ষান্তরে ২০২১/২০২২অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে ৪,৪৮,৬৯,৪২৬.২৭ /- স্থিতি রয়েছে । খ. স্ব,স্ব, ইউনিয়নের চেয়ারম্যান তাদের প্রকল্প তালিকা উপজেলা চেয়ারম্যানকে দিবেন ।	ক.উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সরিষাবাড়ী। ইউপি চেয়ারম্যান সকল। সদস্য সংশ্লিষ্ট কমিটি। খ.উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সরিষাবাড়ী।
০৬	উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ।	বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা ফুটবল টুর্ণামেন্ট ৪ জুন থেকে ইউনিয়ন পর্যায়ে শুরু করা হয়েছে। আগামী ২৫ জুন ২০২২ বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা ফুটবল টুর্ণামেন্ট এ উপজেলা পর্যায়ে ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। ইউনিয়ন পর্যায়ে টুর্ণামেন্ট এবং উপজেলা পর্যায়ে টুর্ণামেন্ট সুষ্ঠুভাবে সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হলো। অত্র উপজেলায় ৬৫ টি বিদ্যালয়কে ওয়াই ফাই সংযোগ প্রদানের জন্য রাউটার বরাদ্দ পাওয়া গেছে। অনলাইনে উপবৃত্তি এন্ট্রির কাজ চলমান। উপবৃত্তি সুবিধাভোগী তথ্য এন্ট্রির জন্য শিক্ষার্থীর জন্ম নিবন্ধন একান্ত প্রয়োজন বিধায় পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে শিক্ষার্থীদের জন্মনিবন্ধন সনদ যত দ্রুত সম্ভব প্রদানের জন্য পুনরায় অনুরোধ জানানো হয়েছে। এছাড়াও শিক্ষকগণ উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট করছেন। তাছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাপ্ত বরাদ্দের মাধ্যমে উন্নয়নমূলক কাজগুলো চলমান রয়েছে। বিদ্যালয়ের পরিস্কার-পরিচ্ছন্নতা, বিদ্যালয়ের সম্পদ রক্ষণাবেক্ষণ করার জন্য শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও জমির তথ্য হালনাগাদ করণ এবং সীমানা চিহ্নিতকরণ, উন্নয়ন কার্যক্রম শতভাগ বাস্তবায়ন এবং শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে শিক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে। দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে।	ক. বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা ফুটবল টুর্ণামেন্ট ৪ জুন থেকে ইউনিয়ন পর্যায়ে শুরু করা হয়েছে। আগামী ২৫ জুন ২০২২ বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা ফুটবল টুর্ণামেন্ট এ উপজেলা পর্যায়ে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। উন্নয়ন কার্যক্রম শতভাগ বাস্তবায়ন এবং শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে শিক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে।	ক. উপজেলা শিক্ষা অফিসার।
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ।	ক. আগামী ১৯ জুন-২০২২খ্রিঃ তারিখ হতে এস.এস.সি/ সমমান পরীক্ষা অনুষ্ঠিত হবে ।গত ০২/০৬/২০২২খ্রিঃ তারিখ হতে মাধ্যমিক পর্যায়ে অর্ধ বার্ষিক পরীক্ষা শুরু হয়েছে এবং চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে ।	ক. সকল পরীক্ষা সুষ্ঠ ও সুন্দর পরিবেশে নিতে হবে কোন বিশৃঙ্খলা যেন না হয় সেদিকে কর্তৃপক্ষকে সজাগ থাকতে হবে ।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
০৮	উপজেলা সমাজসেবা অফিস।	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত অসচ্ছল প্রতিবন্ধী ভাতার ২০২১-২২ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দসহ নিয়মিত	ক. সকল প্রকার ভাতা বিতরণের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে এবং বয়স্ক ভাতা, বিধবা ও	ক.উপজেলা সমাজসেবা অফিসার।

		আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার ২০২১-২২ অর্থবছরের ৪র্থ কিস্তি এপ্রিল-২০২২ হতে জুন-২০২২ পযন্ত পে-রোল প্রেরণ ১৬ মে ২০২২ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে। স্ব স্ব- হিসাবে টাকা আসা শুরু হয়েছে। হিজড়া বিশেষ বয়স্ক ভাতাভোগীগণ এমআইএস এর জন্য তথ্য প্রদান না করায় শেষ পর্যন্ত অপেক্ষা করে তাদের ভাতার বরাদ্দ সারেন্ডার করতে হবে। উল্লেখ্য যে, তাদেরকে ইতোমধ্যে তথ্য প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তির শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি বুধবার সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১:০০ ঘটিকা পযন্ত জরিপ কাজ অনুষ্তিত হয়। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দগ্ধপ্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকেপ্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভারসিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদনের হার্ডকপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্টদের জমা প্রদান করতে হবে। এছাড়া ও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, এবং অস্বচ্ছল প্রতিবন্ধী, ভাতাভোগী যথাযথ নিয়মে দ্রুত প্রতিস্থাপন করতে হবে। এছাড়া ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করতে উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগের জন্য ।	
০৯	উপজেলা সমবায় অফিস	ক.উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ১৮৫, মোট সম্পাদন ১২৬৬, সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে-২ টি, মোট সম্পাদন ৩৬ টি, সমবায় বিষয়ক প্রশিক্ষণ প্রদান ৮ জন,অডিট সেস আদায় ১১২৬০/- মোট সম্পাদন ১৪২১০/- ,সমবায় উন্নয়ন তাহবিল আদায় ৩৩৭২/- মোট সম্পাদন ৪৭৭৪/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ৪০টি, মোট সম্পাদন ১৬০ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ০২টি, মোট সম্পাদন ৪৮ টি, সমবায় সমিতি তদারকী করন চলতি মাসে-৯ টি, মোট সম্পাদন ২৪ টি,সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ১টি মোট ১২ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ২০০,০০০/-/- মোট সম্পাদন ১৫,৩০,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ১৬৫০/-, মোট সম্পাদন ৯০০০/-, । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। খ. ৩নং ডোয়াইল ইউনিয়নে একটি সমবায় সমিতি আছে যার সদস্য সংখ্যা =৫০০০(পাঁচ) হাজার এর উপঁরে উক্ত সমিতিটি সঠিক ভাবে নির্বাচন করার জন্য উপজেলা সমবায় অফিসারকে আহব্বান জানান ।	ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। খ.সভায় উক্ত সমিতির সদস্যদের মধ্যে থেকে সমবায় এর নীতিমালা অনুযায়ী নির্বাচন দিয়ে প্রতিনিধি নির্বাচন করার জন্য সভায় সিদ্ধান্ত হয় ।	উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । খ, সভার সকল সদস্য।
১০	উপজেলা যুব উন্নয়ন অফিসার।	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৪টি ব্যাচে ৩০জন করে ৪২০জন। চলতি অর্থ বছরে এপ্রিল/২০২২খ্রিঃ পর্যন্ত ১২টি ব্যাচে ৩৬০জন যুব ও যুব মহিলাকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরে পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী ও আত্মকর্মসংস্থান কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩২,৬০,০০০/= (বত্রিশ লক্ষ ষাট হাজার)টাকা।চলতি অর্থ বছরে এপ্রিল/২০২২খ্রিঃ পর্যন্ত ২১৬ জন যুব/যুব মহিলার মাঝে৪৪,৯৫,০০০/= (চুয়াল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার)টাকাঋণ বিতরণ করা হয়েছে । অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে।	ক. উপজেলা যুব উন্নয়ন অফিসার।
১১	উপজেলা পরিবার	ক. উপজেলা পরিবার পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন মে /২০২২ ইং মাসের নিম্লোক্ত সেবা প্রদান করা হয় ।	ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে	ক. উপজেলা পরিবার